# 38040 - মাইগ্রেন রোগের কারণে কি রোযা ভাঙ্গা বৈধ?

প্রশ্ন

আমার একজন বান্ধবী আছে, সে মাইগ্রেন (এক ধরণের মাথাব্যাথ্যা) রোগের কারণে রোযা রাখে না। এটা কি জায়েয? সে যে দিনগুলোর রোযা ভেঙ্গেছে সে রোযাগুলো কিভাবে কাযা করবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

আল্লাহ তাআলার বাণী “আর যে ব্যক্তি অসুস্থ অথবা যে ব্যক্তি সফরে আছে সে ব্যক্তি অন্য দিনগুলোতে (রোযার) সংখ্যা পূরণ করবে।”[২ আল-বাক্বারাহ : ১৮৫] এর ভিত্তিতে রোগীর জন্য রমযানের রোযা ভাঙ্গা জায়েয আছে। তবে, এ অবকাশ কঠিন রোগের ক্ষেত্রে প্রযোজ্য; যে রোগের কারণে রোযা রাখা কষ্টকর। পক্ষান্তরে, যে রোগের কারণে রোযা রাখা কষ্টকর হয় না সে রোগ রোযা না রাখার ক্ষেত্রে ওজর হিসেবে ধর্তব্য হবে না।

দেখুন নং 12488 প্রশ্নোত্তর।

সুতরাং মাথাব্যাথ্যার কারণে যদি তার জন্য রোযা রাখা খুব কষ্টকর হয়ে যায়; তাহলে তার জন্য রোযা ভাঙ্গা ও রমযানের পরে সে রোযাগুলোর কাযা পালন করা জায়েয হবে। আর যদি মাথাব্যাথ্যা অব্যাহত হতে এবং এ কারণে সে রোযাগুলোর কাযা পালন করতে না পারে সে ক্ষেত্রে সে প্রতিদিনের রোযার বদলে একজন মিসকীনকে খাদ্য খাওয়াবে।

আল্লাহই ভাল জানেন।